ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩০৮০
আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের প্রতিবাদ ও প্রকৃত তথ্য**

২১ শে সেপ্টেম্বর ২০২৫ , এ স্থানীয় দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত "রেগার কাজ নেই+ পুজোর বাজারে মন্দাভাব+ হতাশ ব্যবসায়ীরা" শীর্ষক সংবাদটি রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি আকৃষ্ট করেছে। দপ্তর মনে করছে যে সংবাদটি বিভ্রান্তিকর এবং বহু ভুল তথ্য এই সংবাদটিতে পরিবেশিত হয়েছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে দপ্তর দ্বারা প্রদেয় স্পষ্টিকরণ নিম্নরূপ,

MGNREGA একটি চাহিদা ভিত্তিক প্রকল্প যেখানে কাজ চাওয়ার ১৫ দিনের মধ্যে কাজ প্রদান করার বিধান রয়েছেএবং রাজ্যেও তা প্রদান করা হয়ে থাকে। গত ২০২৪, ২৫ইং অর্থ বছরে রাজ্যে মোট বাজেট বরাদ্দ ছিল ৩ কোটি শ্রম দিবস কিন্তু রাজ্য৩ কোটি ৫৩ লক্ষশ্রম দিবসসৃষ্টি করেছেH রাজ্যে গড়ে ৬০ দিন কাজ হয়েছে যেখানে জাতীয় গড় শ্রমদিবস ছিল মাত্র ৫০ দিন। দেশের মধ্যে গড় শ্রমদিবসের দিক দিয়ে রাজ্যের স্থানগত অর্থ বছরে ছিল সপ্তমH বর্তমান অর্থ বৎসরে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য প্রাথমিক ভাবে ৩ কোটি ৫০ লক্ষ শ্রমদিবস বরাদ্ধ করেছে যা পরবর্তী সময়ে পুনর্বিবেচনার মাধ্যমে আরো বৃদ্ধি করা হতে পারেH বর্তমান অর্থ বৎসরে ২২ শে সেপ্টেম্বর ২০২৫ ইং অব্দি রাজ্যে ১ কোটি ৬৪ লক্ষ শ্রম দিবস সৃষ্টি হয়েছে যেখানে শ্রমিকরা চাহিদার ভিত্তিতে গড়ে ৩০ দিন করে কাজ পেয়েছেনH MGNREGA তে গত ২০২৪, ২৫ ইং অর্থ বছরে রাজ্যে মোট ব্যয় হয়েছে ১১০৭ কোটি ৭২ লক্ষ টাকা এবং বর্তমান অর্থ বৎসরে ২২ শে সেপ্টেম্বর ২০২৫ ইং অব্দি ব্যয় ৪৯৫ কোটি ৬৬ লক্ষ টাকাH এই অর্থবছরে কোন রকম অর্থ সংকট রেগা প্রকল্পে অদ্যাবদি নেইH ২২ শে সেপ্টেম্বর ২০২৫ ইংঅব্দি রাজ্যের ধলাই জেলায় সর্বাধিক ৩৯ দিন করেগড়ে কাজ হয়েছে এবং ধলাই জেলার অধীন কমলপুর সাবডিভিশনের সালেমা ব্লকে শ্রমিকরা গড়ে ৩৮দিন করে এবং দুর্গাচৌমহনী ব্লকে শ্রমিকরা গড়ে ৩৪ দিন করে কাজ পেয়েছে যেখানে জাতীয় গড় শ্রমদিবস মাত্র ৩১ দিনH

বর্তমান অর্থ বৎসরে ধলাই জেলায় কাজের চাহিদা অনুযায়ী মজুরী বাবদ শ্রমিকদের প্রদান করা হয়েছে ৭৮ কোটি ৯৩ লক্ষ টাকা এবং ধলাই জেলার অন্তর্গত সালেমা ব্লকে শ্রমিকদের প্রদান করা হয়েছে ৮ কোটি ৯৮ লক্ষ টাকা এবং দুর্গা চৌমহনী ব্লকে শ্রমিকদের প্রদান করা হয়েছে ১১ কোটি ১৯ লক্ষ টাকা তাই এটা সহজেই অনুমেয় যে রাজ্যে MGNREGA প্রকল্প বাস্তবায়নে কোনো প্রকার ঘাটতি নেই।

*********